

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৩৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৬. ফজর সালাতে কিরাআতের পরিমাণ

بَابِ قَدْرِ الْقِرَاءَةِ فِي الْفَجْرِ

## আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ حَدَّثَنَا عَوْفٌ عَنْ سَيَّارِ بْنِ سَلَامَةَ قَالَ دَخَلْتُ مَعَ أَبِي عَلَى أَبِي بَرْزَةَ الْأَسْلَمِيِّ وَهُوَ عَلَى عِلْوٍ مِنْ قَصَبٍ فَسَأَلُهُ أَبِي عَنْ وَقْتِ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ كَانَ يُصَلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَ الظُّهْرَ إِذَا دَحَضَتُ الشَّمْسُ وَكَانَ يُصَلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَ الظُّهْرَ إِذَا دَحَضَتُ الشَّمْسُ وَكَانَ يُصَلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَ الظُّهْرَ إِذَا دَحَضَتُ الشَّمْسُ وَكَانَ يُصَلِّي الْعَصْرَ ثُمَّ يَنْطَلِقُ أَحَدُنَا إِلَى أَهْلِهِ فِي أَقْصَى الْمَدِينَةِ وَالشَّمْسُ حَيَّةٌ قَالَ وَنَسِيتُ مَا نَكَرَ فِي الْمَعْرِبِ وَكَانَ يَسْتَحِبُ أَنْ يُؤَخِّرَ مِنْ صَلَاةِ الْعِشَاءِ الَّتِي تَدْعُونَ الْعَتَمَةَ مَا ذَكَرَ فِي الْمَعْرِبِ وَكَانَ يَسْتَحِبُ أَنْ يُؤَخِّرَ مِنْ صَلَاةِ الْعِشَاءِ اللَّتِي تَدْعُونَ الْعَتَمَةَ وَكَانَ يَنْصَرِفُ مِنْ صَلَاةِ الصَّبِّحِ وَالرَّجُلُ يَعْرِفُ جَلِيسَهُ وَكَانَ يَقُرَأُ فِيهَا مِنْ السِّتِينَ وَكَانَ يَنْصَرِفُ مِنْ صَلَاةِ الصَّبُحِ وَالرَّجُلُ يَعْرِفُ جَلِيسَهُ وَكَانَ يَقُرَأُ فِيهَا مِنْ السِّتِينَ إِلَى الْمِائَةِ

## বাংলা

১৩৩৫. সাইয়ার ইবনু সালামাহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি আমার পিতার সাথে আবী বরষাহ আল আসলামী রাদ্বিয়াল্লাছ্ আনহ'র নিকট প্রবেশ করলাম। তিনি তখন বাঁশ বা বেতের তৈরী একটি উঁচু আসনে উপবিষ্ট ছিলেন। আমার পিতা তাঁকে রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লামের সালাতের ওয়াক্ত সম্পর্কে জিজ্ঞাসা করলেন। তখন তিনি বললেন, 'হাজির' যাকে তোমরা 'যাহিরাহ' (যুহর) বলে ডাকো, এ সালাত তিনি সুর্য মধ্য আকাশ হতে ঢলে পড়লে আদায় করতেন। আর তিনি আসর সালাত এমন সময় আদায় করতেন যে, এরপর (সালাত শেষে) আমাদের কেউ মদীনার শেষ প্রান্তে অবস্থিত তার পরিবারের নিকট চলে যেতো এবং তখনও সূর্য উজ্জ্বল থাকতো।তিনি (রাবী) বলেন, তিনি মাগরিব সম্পর্কে কী বলেছিলেন, আমি তা ভুলে গেছি। আর যাকে তোমরা 'আতামাহ' বলে ডাকো, সেই 'ইশার সালাতকে তিনি বিলম্বে আদায় করতে পছন্দ করতেন। আর তিনি যখন ফজরের সালাত (শেষ করে) ফিরতেন তখন কোনো লোক তার পাশের সঙ্গীকে চিনতে পারতো। আর তিনি এতে ষাট থেকে একশ আয়াত তিলাওয়াত করতেন।[1]

## ফুটনোট



[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী ৫৪১, মুসলিম ৬৪৭; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৪২২ ও সহীহ ইবনু হিব্বান নং ১৫০৩, ১৮২২ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সায়্যার ইবনু সালামাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন